

🔳 আন-নাহাল | An-Nahl | ٱلنَّحْل

আয়াতঃ ১৬: ৪৬

া আরবি মূল আয়াত:

اَو يَاخُذَهُم فِي تَقَلُّبِهِم فَمَا هُم بِمُعجِزِينَ ﴿ ٢٤﴾

🗚 অনুবাদসমূহ:

অথবা তিনি তাদের চলাফেরার ভেতর তাদেরকে পাকড়াও করবেন না? বস্তুত তারা (আল্লাহকে) পরাস্তকারী নয়।

— আল-বায়ান

কিংবা তাদের চলাফেরার ভিতরেই তিনি তাদেরকে পাকড়াও করবেন না, অতঃপর তারা তো তা ব্যর্থ করে দিতে পারবে না। — তাইসিরুল

অথবা চলাফিরা করতে থাকাকালে তিনি তাদেরকে ধৃত করবেননা? তারাতো এটা ব্যর্থ করতে পারবেনা। — মুজিবুর রহমান

Or that He would not seize them during their [usual] activity, and they could not cause failure? — Sahih International

৪৬. অথবা চলাফেরা করতে থাকাকালে তিনি তাদেরকে পাকড়াও করবেন না? অতঃপর তারা তা ব্যর্থ করতে পারবে না।

তাফসীরে জাকারিয়া

- (৪৬) অথবা চলাফেরা করতে থাকাকালে তিনি তাদেরকে পাকড়াও করবেন না; [1] অতঃপর তারা তা ব্যর্থ করতে পারবে না?
 - [1] 'চলাফেরা করতে থাকাকালে'র কয়েকটি অর্থ হতে পারে। যেমন একঃ যখন তোমরা ব্যবসা-বাণিজ্যের জন্য বাইরে যাও। দুইঃ যখন তোমরা ব্যবসার উন্নতিকল্পে বিভিন্ন কৌশল অবলম্বন কর। তিনঃ রাত্রে আরাম করার জন্য বিছানায় যাও। এগুলি ভার্ম এর বিভিন্ন অর্থ। আল্লাহ যখন চাইবেন, যে কোন অবস্থাতেই তোমাদেরকে পাকড়াও করতে পারেন।

তাফসীরে আহসানুল বায়ান



👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন